

জগন্নাথ বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০১৯ এর উদ্বোধন



২৪ ফেব্রুয়ারি, ২০১৯-রবিবার সকাল ১০ ঘটিকায় ক্রীড়া উপকমিটি (ভলিবল/ হ্যান্ডবল/ বাস্কেটবল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০১৯ এর উদ্বোধনী অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে (ধুপখোলা মাঠ) অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ক্রীড়া উপকমিটি (ভলিবল/ হ্যান্ডবল/ বাস্কেটবল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আহবায়ক অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় ক্রীড়া কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোহাঃ আলী নূর। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার, সহকারী প্রক্টর ড. মোস্তফা কামাল সহ বিভিন্ন বিভাগের টিম ম্যানেজার হিসেবে শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য উক্ত প্রতিযোগিতাটি (২৪-২৮) ফেব্রুয়ারি, ২০১৯ পর্যন্ত ৫ দিন ব্যাপি অনুষ্ঠিত হবে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০১৯-এ ২৭ টি বিভাগ থেকে ছাত্ররা এবং ১৩ টি বিভাগ থেকে ছাত্রীরা অংশগ্রহণ করবে।